কুলক্ষণ যাকে তার প্রয়োজন থেকে ফিরিয়ে রাখল সে শির্ক করল। সাহাবীগণ বললেন, তার কাফ্ফারা কী? তিনি বললেন, এ কথা বলা: হে আল্লাহ আপনার কল্যাণ ছাড়া কোনো কল্যাণ নেই, আপনার অকল্যাণ ছাড়া কোনো অকল্যাণ নেই এবং আপনি ছাড়া কোনো সত্যিকার ইলাহ নেই।

আব্দুল্লাহ ইবন আমর ইবন ‘আস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “কুলক্ষণ যাকে তার জরুরী কর্ম থেকে ফিরিয়ে দিল, সে শির্ক করল। সাহাবীগণ বললেন, তার কাফ্ফারা
কী? তিনি বললেন, এ কথা বলা: হে আল্লাহ আপনার কল্যাণ ছাড়া কোনো কল্যাণ নেই, আপনার অকল্যাণ ছাড়া কোনো অকল্যাণ নেই এবং আপনি ছাড়া কোনো সত্যিকার ইলাহ নেই।”
[সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আমাদের জানাচ্ছেন যে, যাকে অশুভ লক্ষণ তার সিদ্ধান্ত বাস্তবায়ন থেকে বিরত রাখল, সে এক ধরনের শির্কে লিপ্ত হলো। যখন সাহাবীগণ এ কবীরাহ গুনাহের কাফ্ফারা সম্পর্কে জিজ্ঞাসা করলেন, তখন তিনি তাদের হাদীসে বর্ণিত বাক্যগুলো বলার নির্দেশনা দিলেন, যাতে রয়েছে, যাবতীয় কর্ম আল্লাহর নিকট সোপর্দ করা এবং তিনি ছাড়া অন্য কিছু থেকে ক্ষমতাকে অস্বীকার করা।

http://sunnah.global/hadeeth/bn/show/3416